

অথবা

- ৫। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ‘কুমারসম্ভবের কবি’ উপন্যাসটি কিংবদন্তীনির্ভর হলেও তার মধ্যে দিয়ে ইতিহাস পুনর্নির্মাণের আকাঙ্ক্ষা কীভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা কর। ১০
- ৬। ওস্তাদ বাঁকসা নাকি সনাতন মাস্তার—কাকে তোমার ‘মায়ামুদঙ্গ’ উপন্যাসের ভরকেন্দ্র বলে মনে হয়? নাকি আদৌ তেমন কোনও ভরকেন্দ্র নেই এ আখ্যানে, সুবর্ণ-র ‘মায়ামুদঙ্গ’-ই এর আসল কথা? যুক্তিসহ আলোচনা করো। ১০

অথবা

- ৭। ‘মায়ামুদঙ্গ’ উপন্যাসের শেষ পৃষ্ঠায় সনাতন আর সুবর্ণ স্টেশনের লাল সিগন্যাল ফেলে রেললাইন ধরে চলে যায় ওস্তাদের খোঁজে— জাহান্নমের সতর্কতা উপেক্ষা করেই। তাদের এই গমন কি কোনও অস্তিম বার্তা বহন করে এই আখ্যানে? এই গমনপথ কি আখ্যানের অস্ত হিসেবেই দেখবে তুমি, নাকি এক গুরুত্বপূর্ণ হতে পারে এই দৃশ্য? নিজের মত যুক্তিসহ লেখো। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২২

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি./৪.১

বাংলা উপন্যাস : পর্ব ২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। ‘হাজার চুরাশির মা’ উপন্যাস সম্পর্কে মহাশ্বেতা দেবী নিজেই বলেছিলেন, ‘লিখেছিলাম এক অরাজনীতিক জননীকে নিয়ে, যার সঙ্গে তার ছেলের সম্পর্ক এমনই, ছেলেকে পেয়ে ও নিজেকেও খুঁজে পায়।’ সুজাতার এই নিজেকে খুঁজে পাওয়ার বিষয়টা তুমি কীভাবে পড়তে চাও জানাও। ১০

অথবা

- ২। একবারের জন্য স্পষ্ট করে বলা না হলেও ‘হাজার চুরাশির মা’ উপন্যাসের পটভূমি যে নকশালবাড়ি আন্দোলন তা বুঝতে বিশেষ অসুবিধা হয় না। যদি বলা হয় এ উপন্যাস সত্তরের সেই অগ্নিগর্ভ সময়ের এক রক্তাক্ত দলিল তাহলে কি তুমি একমত হবে? যুক্তিসহ তোমার বক্তব্য জানাও। ১০
- ৩। দেশভাগ, দাঙ্গা, পুনর্বাসন বিমি থেকে বিমলপ্রভা হয়ে ওঠায় বিশেষভাবে কার্যকর হয়েছে। ‘নির্বাসন’ উপন্যাস অবলম্বনে ব্যাখ্যা করো। ১০
- ৪। ‘কুমারসম্ভবের কবি’র মধ্যে শরদিন্দু বন্দ্যোপাধ্যায় কীভাবে বঙ্কিমচন্দ্রের সাহিত্যভাবনার উত্তরাধিকার বহন করেছিলেন তা দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও। ১০

[ Turn over